ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

নগর ভবন

প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

শহীদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় দিবস ২০১৭ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ মেসবাহুল ইসলাম প্রধান নির্বাহী কর্মকর্তা ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
তারিখ	:	০৬ অগ্রাহায়ণ ১৪২৪ ২০ নভেম্বর, ২০১৭
সময়	:	সকাল ১১.০০ টা
স্থান	:	সভা কক্ষ, নগর ভবন, সেন্টার পয়েন্ট (লেভেল-৮), প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি শহীদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় দিবস ২০১৭ উদযাগন উপলক্ষ্যে কর্মসুচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে করণীয় সম্পর্কে আলোচনার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	১৪/১২/২০১৭ শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে করণীয়	শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থান ও রাস্তার লাইট ঠিক করা, প্রয়োজনীয় রং ও চুনকাম করা, বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে মশার ঔষধ ছিটানো এবং কবরস্থানসহ রাস্তা-ঘাট পরিস্কার পরিচ্ছন্ন করার বিষয়ে আলোচনা হয়। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) সভায় জানান যে, প্রকৌশল বিভাগ থেকে ইতোমধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। মাননীয় প্যানেল মেয়র, সম্মানিত কাউন্সিলবৃন্দ, সকল বিভাগীয় প্রধান, সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, মেয়র মহোদয়ের একান্ত সচিব, মেয়র মহোদয়ের সহকারী একান্ত সচিব এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের জন্য এসবি পাশের ব্যবস্থা গ্রহণ এবং শহীদ বুদ্ধিজীবী দিবসে শ্রদ্ধা জ্ঞাপনের জন্য একটি পুষ্প-স্তবক তৈরীর বিষয়ে আলোচনা হয়। সভাপতি, কবরস্থান সংলগ্ন এলাকার রাস্তার ময়লা-আবর্জনা পরিস্কার পরিচ্ছন্ন রাখতে এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে মশার ঔষধ ছিটানোর নির্দেশনা প্রদান করেন।	১। মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানসহ সংলগ্ন এলাকার রাস্তা-ঘাট সংস্কার ও স্ট্রীট লাইট ঠিক করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। প্রধান প্রকৌশলী ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ)
			২। বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে মশার ঔষধ ছিটাতে হবে।	প্রধান স্বাস্থ্য কর্মকর্তা
			৩। কবরস্থান সংলগ্ন এলাকার রাস্তার ময়লা-আবর্জনা পরিস্কার পরিচ্ছন্ন করতে হবে।	প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা
			৪। শহীদ বুদ্ধিজীবী দিবসে শ্রদ্ধা জ্ঞাপনের জন্য একটি পুস্প-স্তবক তৈরী করতে হবে। ৫। মাননীয় প্যানেল মেয়র, সম্মানিত কাউন্সিলবৃন্দ, সকল বিভাগীয় প্রধান, সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, মেয়র মহোদয়ের একান্ত সচিব, মেয়র মহোদয়ের সহকারী একান্ত সচিব এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদের জন্য এসবি পাশ সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
০২.	১৬/১২/২০১৭ মহান বিজয় দিবস উপলক্ষ্যে করণীয়	মহান বিজয় দিবস উপলক্ষে সূর্যোদয়ের সাথে সাথে মাননীয় প্যানেল মেয়র জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করবেন। জাতীয় স্মৃতিসৌধে প্রবেশের	১। মাননীয় প্যানেল মেয়র কর্তৃক পুষ্পস্তবক অর্পণের জন্য নির্ধারিত সময় মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ের	প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
		জন্য মাননীয় প্যানেল মেয়র, প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, প্রধান প্রকৌশলী, প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেয়র মহোদয়ের একান্ত সচিব, মেয়র মহোদয়ের সহকারী একান্ত সচিব এবং ফুল বহনকারীদের এসবি পাশ ইস্যুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।। সভাপতি বলেন, জাতীয় স্মৃতিসৌধে মাননীয় প্যানেল মেয়র কর্তৃক পুষ্পস্তবক অর্পণ করার নিমিত্ত একটি পুস্প-স্তবক তৈরী করতে হবে এবং মাননীয় প্যানেল মেয়র কর্তৃক পুষ্পস্তবক অর্পণের জন্য নির্ধারিত সময় মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে জানতে হবে।	সাথে যোগাযোগ করে জানতে হবে এবং জাতীয় স্মৃতিসৌধে মাননীয় প্যানেল মেয়র কর্তৃক পুষ্পস্তবক অর্পণ করার নিমিত্ত একটি পুস্প-স্তবক তৈরী করতে হবে। ২। জাতীয় স্মৃতিসৌধে প্রবেশের জন্য মাননীয় প্যানেল মেয়র, প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, প্রধান প্রকৌশলী, প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেয়র মহোদয়ের একান্ত সচিব, মেয়র মহোদয়ের সহকারী একান্ত সচিব এবং ফুল বহনকারীদের এসবি পাশ ইস্যুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	
০৩.	১৬/১২/২০১৭ তারিখ সকাল ৭.৩০ টায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ সংক্রান্ত	মহান বিজয় দিবস ২০১৬ উপলক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের সচিব এর নেতৃত্বে ৩২ নম্বর ধানমন্ডিতে জাতির জনকের প্রতিকৃতিতে সকাল ৭.৩০ টায় পুষ্পস্তবক অর্পণের নিমিত্ত সকাল ৬.৩০ টার মধ্যে কলাবাগান মাঠে সকল কর্মকর্তা/কর্মচারী'কে উপস্থিত থাকতে হবে। অতপরঃ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় প্যানেল মেয়র এর নেতৃত্বে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল সম্মানিত কাউন্সিলর ও সর্বোস্তরের কর্মকর্তা/কর্মচারী বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন। অনুষ্ঠান সফল করার জন্য ডিএনসিসি'র সকল কর্মচারী ইউনিয়নকে অংশগ্রহণ করতে হবে। বর্ণিত অনুষ্ঠানের জন্য একটি ব্যানার, একটি পুষ্পস্তবক এবং ডিএনসিসি'র লোগো যুক্ত ক্যাপ তৈরীর বিষয়ে আলোচনা হয়। উক্ত ক্যাপে "মহান বিজয় দিবস ২০১৬" এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, স্থানীয় সরকার বিভাগ লেখা সম্বলিত লাল সবুজের ডিজাইন করা থাকতে হবে। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে অংশগ্রহণ করতে গাড়ীর ব্যবস্থা রাখতে হবে। এ বিষয়ে পরিবহন বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	১। মহান বিজয় দিবস ১৬/১২/২০১৬ তারিখ সকাল ৭.৩০টায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ উপলক্ষ্যে ডিএনসিসি'র সকল কর্মকর্তা/কর্মচারীদের ৬.৩০ টার মধ্যে কলাবাগান মাঠে উপস্থিত থাকার নির্দেশনা প্রদান করতে হবে। ২। ডিএনসিসি'র সকল কর্মচারী ইউনিয়ন'কে অনুষ্ঠানে উপস্থিত থাকার নির্দেশনা প্রদান করতে হবে।	সচিব
			৩। ১৬/১২/২০১৭ তারিখ সকাল ৭.৩০ টায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ উপলক্ষে একটি ব্যানার, একটি পুষ্পস্তবক এবং ডিএনসিসি'র লোগো যুক্ত ৪০০টি ক্যাপ তৈরী করতে হবে। ক্যাপে "মহান বিজয় দিবস ২০১৭" এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, স্থানীয় সরকার বিভাগ লেখা সম্বলিত লাল সবুজের ডিজাইন করা থাকতে হবে।	১। প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা ২। সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
			৪। ধানমন্ডি ৩২ নম্বরে অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান উপলক্ষে ডিএনসিসি'র কর্মকর্তা/ কর্মচারীদের অংশ গ্রহণ করার জন্য পর্যাপ্ত সংখ্যক গাড়ী সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহা-ব্যবস্থাপক (পরিবহন)

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০৪.	ঢাকা শহরের বিভিন্ন এলাকায় ফ্লাগ রুলস মোতাবেক যথাযথ রং ও মাপের পতাকা টানানো	সভাপতি, ঢাকা শহরের বিভিন্ন এলাকায় ফ্লাগ রুলস মোতাবেক যথাযথ রং ও মাপের পতাকা টানানোর বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ'কে নির্দেশনা প্রদান করেন।	ঢাকা শহরের বিভিন্ন এলাকায় ফ্লাগ রুলস মোতাবেক যথাযথ রং ও মাপের পতাকা টানানোর বিষয়টি যাচাইপূর্বক নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	নির্বাহী ম্যাজিস্ট্রেট
০৫.	আলোকসজ্জা	মহান বিজয় দিবস ২০১৭ উদযাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১০/০৮/২০১৭ খ্রিঃ তারিখের সভায় ডিএনসিসি অধিক্ষেত্রে প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহে জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সভাপতি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে নানাবিধ দিক নির্দেশণা প্রদান করেন। মহান বিজয় দিবস উপলক্ষে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয় ও অঞ্চল-৩ এর কার্যালয় আলোকসজ্জায় সজ্জিত করার বিষয়ে আলোচনা হয়। আলোকসজ্জা ১৫/১২/২০১৭ তারিখ সন্ধ্যা থেকে ১৭/১২/২০১৭ তারিখ সকাল পর্যন্ত রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। আলোচনায় প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা বলেন পিডব্লিইডি কর্তৃক প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপ জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিত করা হয়। সভাপতি, ডিএনসিসি'র অধিক্ষেত্রে প্রয়োজনীয় বিউটিফিকেশন কার্যক্রম গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন।	১। মহান বিজয় দিবস উপলক্ষে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয়, ও অঞ্চল-৩ এর কার্যালয় আলোকসজ্জায় সজ্জিত করতে হবে। ২। আলোকসজ্জা ১৫/১২/২০১৭ তারিখ সন্ধ্যা থেকে ১৭/১২/২০১৭ তারিখ সকাল পর্যন্ত রাখতে হবে। ৩। ডিএনসিসি'র অধিক্ষেত্রে প্রয়োজনীয় বিউটিফিকেশন কার্যক্রম গ্রহণ করতে হবে।	১। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা ২। প্রধান প্রকৌশলী ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ)
০৬.	জাতীয় প্যারেড গ্রাউন্ডে গাড়ী সজ্জিতকরণ	জাতীয় প্যারেড গ্রাউন্ডে স্থানীয় সরকার বিভাগের গাড়ী সজ্জিত করা হবে। স্থানীয় সরকার বিভাগের গাড়ীতে ডিএনসিসি'র কার্যক্রমের অংশ স্থির চিত্রের মাধ্যমে অর্ন্তভূক্তি করা যেতে পারে। এ বিষয়ে প্রধান নগর পরিকল্পনাবিদ ও স্থানীয় সরকার বিভাগের সাথে আলোচনা করে পরবর্তী করণীয় নির্ধারণ করার বিষয়ে উপস্থিত সকলেই ঐকমত্য পোষণ করেন।	জাতীয় প্যারেড গ্রউন্ডে স্থানীয় সরকার বিভাগের গাড়ী সজ্জিত করার বিষয়ে প্রধান নগর পরিকল্পনাবিদ ও স্থানীয় সরকার বিভাগের সাথে আলোচনা করে পরবর্তী করণীয় নির্ধারণ করতে হবে।	১। মহা ব্যবস্থাপক (পরিবহন)
০৭.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন যৌথভাবে বীর মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের সদস্যদের সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন	সভাপতি বলেন, মহান বিজয় দিবস ২০১৭ উদযাপন উপলক্ষে গঠিত স্টিয়ারিং কমিটির ১৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ১১ নম্বর ক্রমিকে সিদ্ধান্ত অনুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন যৌথভাবে গত বছরের ন্যায় সুবধিাজনক স্থান ও সময়ে বীর মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের সদস্যদের সংবর্ধনা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করবে। সচিব বলেন, এ বিষয়ে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে গত ০৮ নভেম্বর ২০১৭ তারিখ একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় আগামী ১৬ ডিসেম্বর ২০১৭ তারিখ সকাল ১০.৩০ টায় বীর মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের সদস্যদের সংবর্ধনা অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন যৌথভাবে বীর মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের সদস্যদের সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন করার বিষয়ে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	১। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের যৌথ উদ্যোগে আগামী ১৬ ডিসেম্বর ২০১৭ তারিখ সকাল ১০.৩০ টায় বীর মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের সদস্যদের সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন করতে হবে। ২। বীর মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের সদস্যদের সংবর্ধনা অনুষ্ঠানের ভাউচার প্রাপ্তি স্বাপেক্ষে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করতে হবে।	১। প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা